রসুলের দেখানো পথ অনুসরণ করলে একটিসুন্দর সমাজ গঠন সম্ভব

রাগিব হোসেন চৌধুরী

কেমুসাসের সাবেক সভাপতি বিশিষ্ট কবি-গবেষক রাগিব হোসেন চৌধুরী বলেছেন, হযরত মুহাম্মদ (সা.) মানব জাতিকে সত্য ও সুন্দরের পথ দেখিয়ে গিয়েছেন। আলাহর হুকুম মেনে নবী করিম (সা.)-র দেখানো পথ অনুসরণ করলে একটি সুন্দর সমাজ গঠন সম্ভব। তিনি জীবদ্দশায় যে আলোর পথের সন্ধান দেন তা শুধু আরব জাতির জন্য নয়, সব দেশের, সব যুগের সব মানুষের জন্যই অনুসরণীয় ও অনুকরণীয়। মানবতার মুক্তির জন্য মহানবী (সা.) পৃথিবীতে শেষ নবী হিসেবে প্রেরিত হয়েছিলেন। একমাত্র জীবনব্যবস্থা হিসেবে তাঁরই মাধ্যমে মহাগ্রন্থ আল-কুরআন অবতীর্ন হয়েছে। "বাংলাদেশের প্রান্ত হতে সালাম জানাই হে রাসুল (সা:)" শীর্ষক আলোচনা সভা ও রাসুলের শানে কবিতা পাঠের আসরে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরো বলেন, মহানবী (সাঃ) ছিলেন বিশ্ব মানবতার মুক্তির দূত। তিনি ছিলেন মানবতার পথ প্রদর্শক এবং সত্য ও সুন্দরের বাণীবাহক। প্রত্যেককে মহানবী (সা:) এর জীবন সম্পর্কে ব্যাপকভাবে পড়াশুনা করতে হবে। বিশেষ করে সাহিত্যিকদেরকে রসুলের শানে আরো বেশি করে লিখতে হবে।

বৃহস্পতিবার সন্ধ্যায় নগরীর দরগাহ গেইটস্থ দেশের প্রাচীনতম সাহিত্য প্রতিষ্ঠান কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের সাহিত্য আসর কক্ষে এ আলোচনা সভা ও কবিতা পাঠের আসর অনুষ্ঠিত হয়।

প্রবীন সাংবাদিক আফতাব চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠান পরিচালনা করেন কেমুসাসের আজীবন সদস্য কবি মামুন হোসেন বিলাল। সাহিত্যকর্মী সৈয়দ আবু হানিফের কোরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া সভায় মূল প্রবন্ধ পাঠ করেন কেমুসাসের সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক গবেষক কবি সৈয়দ মবনু। মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন, ইমাম প্রশিক্ষণ একাডেমীর সহকারী পরিচালক মাওলানা শাহ নজরুল ইসলাম। এছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আশির দশকের শক্তিমান কবি মুকুল চৌধুরী, কেমুসাসের সহকারী সম্পাদক গল্পকার সেলিম আউয়াল, মাসিক বিশ্ববাংলা সম্পাদক কবি মুহিত চৌধুরী, মাসিক ভিন্নধারা সম্পাদক জাহেদুর রহমান চৌধুরী, অধ্যক্ষ কবি বাসিত ইবনে হাবীব, কবি মুহম্মদ আব্দুল হান্নান, কবি সমালোচক মুসা আল হাফিজ, শাবিপ্রবির সহকারী রেজিস্ট্রার মাহবুব ফেরদৌস, লিডিং ইউনিভার্সিটির প্রভাষক শফি আহমদ প্রমুখ। সভায় কবি আফজাল চৌধুরীর কবিতা থেকে আবৃত্তি করেন কবি পুত্র অধ্যাপক জুন্নুরাইন চৌধুরী। এছাড়াও রসুলের শানে নিবেদিত কবিতা পাঠে অংশগ্রহণ করেন প্রকৌশলী নাসির উদ্দিন, কবি কামাল আহমদ, কবি বেলাল আহমদ চৌধুরী, কবি মাসুদা সিদ্দিকা রুহী, কবি আমিনা শহীদ চৌধুরী মান্না, কবি কানিজ আমেনা কুদ্দুস, কবি নাঈমা চৌধুরী, কবি তাসলিমা খানম বীথি, কবি সৈয়দ মুক্তদা হামিদ, কবি আলমগীর হোসেন, ছড়াকার মাহমুদ পারভেজ, কবি জালাল আহমেদ জয়, কবি বশিরুদ্দীন, ছড়াকার কবির আশরাফ, ছড়াকার লুৎফুর রহমান তোফায়েল, মুহাম্মদ আবু যর, গল্পকার রাসেল মাহফুজ, মাহফুজুর রহমান তাহমিদ, সালেহ রাশেদ, মোঃ মারুফ আহমদ, আহমদ আল মিনহাজ, সৈয়দ কামরুল হাসান, জাহাঙ্গির আলম, ফারজানা ইসলাম বিউটি, ফাহমিদা ইসলাম শিল্পী প্রমুখ।

আশির দশকের শক্তিমান কবি মুকুল চৌধুরী বলেন, রাসুল (সা.) ছিলেন কোরআন শরীফের ধারক, বাহক এবং প্রচারক। তিনি ছিলেন ন্যায়নিষ্ঠ, সৎ ও সত্যবাদী। বিশ্ব মানবতার মুক্তি ও কল্যাণের চেষ্টায় তিনি নিজেকে উৎসর্গ করেছিলেন। ব্যক্তিগতভাবে তিনি ছিলেন সব মানবীয় সদ্‌গুণের অধিকারী। তাই তাকে আল-আমিন বা সত্যবাদী বলে ডাকা হতো।

মুখ্য আলোচকের বক্তব্যে ইমাম প্রশিক্ষণ একাডেমীর সহকারী পরিচালক মাওলানা শাহ নজরুল ইসলাম বলেন, আলাহর রাসূল হযরত মুহাম্মদ (সাঃ) ছিলেন জীবন্ত কুরআন, কুরআনের বাস্তব নমুনা ও ব্যাখ্যা। তাই রাসূলকেই (সাঃ) অনুকরণীয় একমাত্র আদর্শ নেতা হিসেবে মেনে নিয়ে আমাদেরকে তাঁকেই অনুসরণ করতে হবে।

সভাপতির বক্তব্যে প্রবীন সাংবাদিক আফতাব চৌধুরী বলেন, নবীদের সর্দার হযরত মুহাম্মদ (সাঃ) কুরআনের ভিত্তিতে যে শান্তির সমাজ গড়েছিলেন এখনও কুরআনের ভিত্তিতে আমাদেরকে সেই শান্তিময় সমাজ গড়ার লক্ষ্যে কুরআনকে বুঝে স্টাডি করতে হবে। শান্তি, সম্প্রীতি, সংযম, সহনশীলতা, মানবকল্যাণ, সামাজিক ন্যায়বিচার, মানুষের প্রতি ভালবাসা- এসবকে তিনি শুধু আদর্শ হিসেবেই প্রচার করেননি, ব্যক্তিগত জীবনে এর চর্চাও করে গেছেন। তার জীবনাদর্শ অনুসরণ করে আমরা সব ধরনের অন্যায়-অবিচার-অশান্তি থেকে মুক্তি পেতে পারি।

রাসুল (সা.) হচ্ছেন মানব জীবনের একমাত্র আদর্শ ও সংস্কৃতির উৎস : মাওলানা আবু তাইয়্যিব সৎপুরী

সৎপুর কামিল মাদ্রসার মুহাদ্দিস বিশিষ্ট মুফাচ্ছিরে কোরআন হযরত মাওলানা আবু তাইয়্যিব সৎপুরী বলেন, বাংলাদেশ সহ সারা বিশ্বের মুসলমানরা আজ সাংস্কৃতিক আগ্রাসনের শিকার। বিশ্বের দিক হারা মানুষের পথের দিশা, অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসা, আকাশ সংস্কৃতির গ্রাস থেকে মুক্ত হওয়ার জন্য সবাইকে কোরআন সুন্নাহ ও রাসুল (স.) এর জীবনাদশ্রের অনুসরণ করতে হবে। তিনি শাহজালাল জামেয়া ইসলামিয়া স্কুল অ্যান্ড কলেজ, সিলেট এর বার্ষিক সিরাতুন্নবী (স.) মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল মু. মজির উদ্দিনের সভাপতিত্বে এবং সিনিয়র শিক আব্দুলাহ আল মামুনের পরিচালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা লুৎফুর রহমান হুমায়দি,জামেয়া মাদানিয়া কাজির বাজার এর মুহাদ্দিস, উপশহর বি ব-ক জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা ক্বারী মুখতার আহমদ,সৎপুর কামিল মাদ্রাসার মুহাদ্দিস মাওলানা ওলিউর রহমান, তানযিমুল মিলাত ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট , উপশহর এর প্রিন্সিপাল হযরত মাওলানা মুশাহিদ আহমদ, আবুধাবি জামে মসজিদের সাবেক ইমাম মাওলানা আব্দুল মতিন, দি সিলেট ইসলামিক সোসাইটির সেক্রেটারি জাহিদুর রহমান চৌধুরী, শিক মাওলানা আব্দুর রশিদ। এছাড়াও মাহফিলে উপস্থিত ছিলেন দৈনিক জালালাবাদ পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক আজিজুল হক মানিক।

সাইফ মোঃ সাইফুলাহর কোরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হওয়া অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের ভাইস প্রিন্সিপাল আব্দুস শাকুর, সিরাত উদযাপন কমিটির আহবায়ক রফিকুল ইসলাম মজুমদার। সভাপতি প্রতিষ্ঠানের প্রিন্সিপাল মু. মজির উদ্দিনের বক্তব্য এবং প্রধান অতিথির মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়। বিজ্ঞপ্তি

WIFA
PROVIDING SERVICE TO THE COMMUNITY

CHILD TAX CREDIT, PENSION , JSA AND ESA, COUNCIL TAX CREDIT
HOUSING BENEFIT, TRIBUNAL HEARING, ANY REPRESENTATIONS

W: WELFARE BENEFITS
I: INFORMATION/IMMIGRATION
F: FINANCE
A: ACCOUNTS

IMMIGRATION
BRITISH CITIZENSHIPS
BRITISH PASSPORT
ASSISTANT WITH ANY
FROM & APPLICTION
NO VISA REQID
JOB AGENCY MANAGEMENT

রেষ্টুরেন্টে কাজ চান? রেষ্টুরেন্টের ষ্টাফ চান?
আজই আমাদের সাথে যোগাযোগ করুন।
এখানে সবধরণের কাজের সন্ধান দেয়া হয়।

মার্লিবন বাংলাদেশ সোসাইটি অফিসে কমিউনিটি লিগ্যাল সার্ভিস এডভাইজার হিসেবে ৫বছরের অভিজ্ঞতা সম্পন্ন মি: মিছবাহ উল হক আপনাদের সেবা দিতে এখন গ্রিনষ্ট্রিট প্লাসেট রোডে।

174 Plashet Road, Green Street, London E13 0QT
Phone / Fax: 0203 002 82 81, Mobile: 07870 50 92 99
Email: mizbahhaque@gmail.com

এখানে অভিজ্ঞতা ও দক্ষতার সাথে নিচের কাজ সমূহ করা হয়:

- স্পাউস ভিসা
- এন্ট্রিক্লিয়ারেন্স এপ্লিকেশন
- ভিজিটর ভিসা
- ডকুমেন্ট এটাষ্টেশন
- পাওয়ার অব এটর্নি
- স্পন্সরশিপ ডিক্লারেশন
- ট্রাইবুনাল হেয়ারিং

- Spouse Visa
- Entry clearance application
- Visitor visa
- Document attestation
- Power of attorney
- Sponsorship declaration
- Tribunal hearing